Prepp
Your Personal Exams Guide

# PART-IV
# LANGUAGE-I
# BENGALI

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

**নির্দেশ ঃ** নিম্নে প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

নেপোলিয়নের ছবির নিচে নবেন্দু জোড় হাতে দাঁড়িয়ে থাকে এক মিনিট। সেকেণ্ডের কম-বেশি হবার জো নেই। ছুটন্ত ছোট কাঁটা টুক্ টুক্ করে পার হয়ে যায় ষাট ঘর। ব্যস্, এবার শুরু দিনের কাজ। এই ইতিহাস প্রসিদ্ধ প্রবাদ পুরুষটির একটা কথা তার কাছে নয়া বেদের দোসর। অসম্ভব শব্দটা লেখা আছে বোকার অভিধানে—নবেন্দুর কাছে এ বাণী হীরে জহরতের চেয়ে অনেক দামী। অসম্ভব বলে কিছু আছে, সে বিশ্বাস করতে নারাজ।

নিজের পায়ের ওপর খাড়া থাকতে সে ভালবাসে, লাঠির ওপর তার গভীর অনীহা। মাটির পৃথিবীতে চোখ মেলে বুঝেছিল, পৃথিবী বড় বৈরীভাবাপন্ন। এখানে নিজের অস্তিত্ব টিকিয়ে রাখতে গেলে লড়াই করতে হবে। সংগ্রাম বিনা কোন কিছু ধরা যাবে না হাতের মুঠোয়।

নবেন্দু যুদ্ধ-জেতা সৈনিক। দূর থেকে তার বাড়ির দিকে তাকালে, মন ভরে যাবে গভীর আবেশে। ছোট ছিমছাম দোতলা বাড়ি। বাড়ির ছাদে অ্যান্টেনার রুপোলি পাখনার বাহার; গ্যারাজে নতুন মডেলের ঝক্‌ঝকে গাড়ি। বাড়ির মধ্যে ফ্রিজ স্টিরিও। ঘরে ঘরে এয়ার কুলার। রাস্তার ছেলে নবেন্দু, সিঁড়ি বেয়ে, মন্থর কিন্তু দৃঢ় গতিচ্ছন্দে, ওপরে উঠে এসেছে ধীরে ধীরে। কোন বাধা চলার পথে সৃষ্টি করতে পারে নি ব্যারিকেড।

সব হয়েছে, আরো কিছু হবে। কিন্তু একটা বিষয়ে কিছু পিছিয়ে পড়েছে। ঘাটতিপড়া অংশটুকু পূরণ করার কোন আশা নেই। সেটা নবেন্দুর জীবনে সাসপেন্স অ্যাকাউন্টে জমা পড়েছে। লেখাপড়া করে উঠতে পারে নি। ম্যাট্রিকের দরজা গোড়া থেকে ফিরে এসেছে। সেজন্যে পড়াশোনা প্রসঙ্গ এড়িয়ে যায় সযত্নে। তাহলেও এ ঘাটতি পূরণের ব্যবস্থা করে ফেলেছে। মেয়ে কণি পড়ে লরেটোয়, ছেলে রিন্টু পড়ে সেন্ট টমাসে। বাড়ির পরিবেশে সাহেবিয়ানার ছাপ। দ্বারভাঙা বিল্ডিং-এর থাম দেখে ফিরে এলেও নবেন্দু ইংরিজি ভাষায় কম দুরস্ত নয়। অনর্গল ইংরিজি বলে যেতে পারে, কোথাও ভুলভ্রান্তি থাকলে তা নেহাত গ্রামারের অপরাধ। কাবেরী তার আওতায় পড়ে না। তাকে গাধা পিটিয়ে ঘোড়া করবার চেষ্টা সে করে নি, তা নয়। তবে নবেন্দুর বিবেচনায়, কাবেরী রাসভকুলে নিম্নশ্রেণীভুক্ত, আশা নেই রূপান্তরের।

লনে পা দিয়েই নবেন্দু অবাক। নেড়ি কুত্তার একটা কালো কালো নাদুস্‌নুদুস্ বাচ্চা যদৃচ্ছ বিচরণে ব্যস্ত। বাচ্চাটার গায়ের লোম পালোয়ানী ছাঁটের নয়, বর্ষার জল-পাওয়া ঘাসের মত নধর চিকন, কিছু-বা দীঘল। চোখ দুটোর চারধারে গোলাকার সাদা বৃত্ত। যেন দুধ সাদা গো-গো রয়েছে চোখে।

নিঃসন্দেহে রাস্তার কুকুর। গেটের তলা দিয়ে গলে ঢুকে পড়েছে লনে। হাই-হুই করে তাড়া দেয়। ঘুরে-ঘুরে পায়ে কুকুর বাচ্চা এগিয়ে আসে তার দিকে। তার পায়ের কাছে এসে চটি চাটতে শুরু করে। পা ছুঁড়ে দূরে তাড়াবার চেষ্টা করে। একটু সরে যায়, আবার নির্ভয়ে ল্যাজ নাড়তে নাড়তে এগিয়ে আসে।

সকালে মেজাজ বিগড়ে যায়। কোথাকার আপদ এসে জুটল! নেড়ি কুত্তার বাচ্চা ঘরে ঢুকে পড়বে নাকি ? সে ওর গায়ে হাত দিতে পারে না। কোথাকার কোন্ ডাস্টবিনের ধারে পড়ে থাকে কে জানে। গায়ে ক'টন জীবাণু আছে তার হিসেব রাখে কে ?

—পরেশ!

কড়া গলার ডাক শুনে চাকর পরেশ হামেহাল হাজির হয়। কুকুরের দিকে তর্জনী তুলে নবেন্দু জিজ্ঞেস করে—কোথা থেকে এলো ?

—ও তো সিজার।

—হোয়াট ?—নবেন্দুর কপালের চামড়ায় দেখা দেয় অনেক বলিরেখা।

—আজ্ঞে ?

—সিজার কে ?

—কুকুর।

—ননসেন্স! সিজার কুকুর!

—খোকাবাবুর কুকুর।

Prepp
Your Personal Exams Guide

**91.** "লাঠির উপর তাঁর গভীর অনীহা" —
অনীহা শব্দের অর্থ কী ?
(1) বিশ্বাস (2) নিস্পৃহতা (3) আস্থা (4) ভরসা

**92.** 'রূপান্তর' এই সন্ধিবদ্ধ পদটিতে কোন কোন বর্ণের সন্ধি হয়েছে ?
(1) অ + অ (2) আ + অ (3) অ + আ (4) আ + আ

**93.** সিজারের চেহারার বর্ণনায় নীচের কোনটি ঠিক ?
(1) সিজারের চোখের চারদিকে কালো গোল ছোপ।
(2) সিজারের চেহারা হাড় গিলগিলে।
(3) সিজারের গায়ের রঙ কালো।
(4) সিজারের গায়ের রঙ দুধ সাদা।

**94.** "বর্ষার জল-পাওয়া ঘাসের মত নধর চিকন" —
এখানে উপমা অলঙ্কারের কোন অঙ্গটি লুপ্ত ?
(1) তুলনামূলক শব্দ (2) সাধারণ ধর্ম (3) উপমেয় (4) উপমান

**95.** নবেন্দু বিশ্বাস করে যে,
(1) সংগ্রাম ব্যতীত সাফল্য লাভ সম্ভব নয়।
(2) অস্তিত্ব রক্ষার জন্য সহনশীলতা বজায় রাখতে হবে।
(3) অধিক স্বাবলম্বী হওয়া ঠিক নয়।
(4) পৃথিবীর মানুষেরা মৈত্রীভাবাপন্ন।

**96.** নেপোলিয়নের যে বাণীটি নবেন্দুর কাছে বেদবাক্যের মতো মূল্যবান সেটির অর্থ হল —
(1) নির্বুদ্ধি ব্যক্তির পক্ষে সব কিছুই সম্ভব।
(2) নির্বুদ্ধি ব্যক্তির পক্ষে কিছুই অসম্ভব নয়।
(3) বুদ্ধিমান ব্যক্তির কাছে কোনো কিছুই অসম্ভব নয়।
(4) বুদ্ধিমান ব্যক্তির কাছে কোনো কিছুই সম্ভব নয়।

**97.** নীচের কোন বিবৃতিটি সত্য **নয়** ?
(1) নবেন্দু যথেষ্ট শিক্ষিত নয়, তা তার ইংরেজী ব্যাকরণে ভুল দেখলেই বোঝা যায়।
(2) নবেন্দু পরিশ্রমী তা তার সাফল্য দেখলেই বোঝা যায়।
(3) নবেন্দু যথেষ্ট শিক্ষিত তা তার শুদ্ধ ইংরেজী শুনলেই বোঝা যায়।
(4) নবেন্দু যথেষ্ট শৌখিন তা তার বাড়িঘর দেখলেই বোঝা যায়।

**98.** নিজে বেশি লেখাপড়া করতে না পারার ঘাটতি পূরণ নবেন্দু কীভাবে করেছেন ?
(1) কাবেরীকে অনর্গল শুদ্ধ ইংরেজী বলতে শিখিয়ে।
(2) নিজে বিশুদ্ধ ইংরেজী ভাষায় কথা বলতে শিখে।
(3) ছেলেমেয়েদের বাংলা মাধ্যম স্কুলে পড়িয়ে।
(4) ছেলেমেয়েদের ইংরেজী মাধ্যম স্কুলে পড়িয়ে।

**99.** "একটু সরে যায়, আবার নির্ভয়ে ল্যাজ নাড়তে নাড়তে এগিয়ে আসে।" —
বাক্যটি সাধু ভাষায় রূপান্তরিত করলে সঠিক রূপটি হবে —
(1) একটু সরিয়া যায়, আবার নির্ভয়ে ল্যাজ নাড়তে নাড়তে আগাইয়া আসে।
(2) একটু সরে যায়, আবার নির্ভয়ে ল্যাজ নাড়িতে নাড়িতে এগিয়ে আসে।
(3) একটু সরে যায়, আবার নির্ভয়ে ল্যাজ নাড়িতে নাড়িতে আগাইয়া আসে।
(4) একটু সরিয়া যায়, আবার নির্ভয়ে ল্যাজ নাড়িতে নাড়িতে আগাইয়া আসে।

Prepp
Your Personal Exams Guide

**নির্দেশ ঃ** নিম্নে প্রদত্ত কবিতাটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**100** থেকে **105** নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

জুতোর ভেতর ঢুকে থাকা কাঁকরের মতো
একটা অস্বস্তি সারাদিন সঙ্গ ছাড়ছে না।
শুরু হয়েছিল সকাল থেকেই, খবরের কাগজে
চোখ রেখে বিস্বাদ হয়ে গিয়েছিল চা।
প্রথম পাতায় রঙিন চিত্রে বিকৃত মরদেহ
তার চারপাশে চাপ চাপ রক্তের দাগ
একপাশে কাত হয়ে আছে আধখানা মুখ
চেনা চেনা মনে হচ্ছিল; কিন্তু কিছুতেই
পুরোপুরি শনাক্ত করতে পারছিলাম না।
ট্রেনে পাশের সহযাত্রীকে কেমন সন্দেহ হল—
রুক্ষ কর্কশ চেহারার এই লোকটাই
ষড়যন্ত্রকারী কিংবা গুপ্তঘাতক নয়তো!
অফিস লিফ্‌টে পা রাখতে গিয়েই একজন
খিঁচিয়ে উঠলো, দেখছেন না, এমনিতেই
ঠাসাঠাসি, আপনি আবার পা বাড়াচ্ছেন ?
কোনো লোককে আগে এমন তিৎকুটে মনে হয়নি।
সারাদিন জুতোর ভেতর কাঁকরের মতো একটা অস্বস্তি
আমাকে তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে, অথচ
জুতোর ফিতে খুলে কাঁকর বের করার মতো
অস্বস্তিগুলোকে কিছুতেই ঝেড়ে ফেলতে পারছি না।

**100.** "প্রথম পাতায় রঙিন চিত্রে বিকৃত মরদেহ" —
'প্রথম' কোন পদের উদাহরণ ?
(1) পূরণবাচক বিশেষণ
(2) সংখ্যাবাচক বিশেষণ
(3) ভাববাচক বিশেষ্য
(4) গুণবাচক বিশেষ্য

**101.** কোন বিবৃতিটি সত্য **নয়** ?
খবরের কাগজে সকালেই একটি হিংসাত্মক বর্ণনা পড়ে কবি—
(1) আশেপাশের যে কোনো রুক্ষ-কর্কশ চেহারার ব্যক্তিকেই খুনী বলে মনে করছিলেন।
(2) অন্যমনস্কতার কারণে অপরের যে কোনো কথাই কটু বলে মনে হচ্ছিল।
(3) চায়ের আনন্দ অনুভব করতে পারেন নি।
(4) মরদেহটিকে দেখেই কার মৃতদেহ তা শনাক্ত করতে পেরেছিলেন।

**102.** কোন বিবৃতিটি সত্য **নয়** ?
(1) সংবাদপত্রে খুনের ঘটনা পড়ে কবি মানসিক অশান্তি অনুভব করছেন।
(2) সংবাদপত্রে খুনের ঘটনা পড়ে কবি মানসিক প্রশান্তি অনুভব করছেন।
(3) আতঙ্কগ্রস্ত কবি প্রতিটি মানুষের মধ্যেই খুনীকে দেখতে পাচ্ছেন।
(4) মৃত সাধারণ মানুষটির সাথে কবি একাত্মবোধ করছেন।

Prepp
Your Personal Exams Guide

**103.** কবিতাটিতে কবির কীরূপ মানসিকতার প্রকাশ ঘটেছে ? সংবাদপত্রের খবরে প্রকাশিত —

(1) অপরাধীকে শনাক্তকরণের প্রচেষ্টায় মানসিক চাপ।

(2) মৃত ব্যক্তিকে চিনতে পারায় মানসিক দুঃখ।

(3) নৃশংস হত্যাজনিত ঘটনার প্রভাবে মানসিক অস্থিরতা।

(4) নৃশংস হত্যাজনিত ঘটনার প্রভাবে মানসিক প্রশান্তি।

**104.** কবিতাটিতে কাঁকরের সাথে কীসের তুলনা করা হয়েছে ?

(1) ফিতের বন্ধনের (2) জুতোর কাঁটার

(3) তিক্তস্বাদের (4) অস্বস্তিকর অনুভূতির

**105.** বিকৃত মৃত দেহটির মুখ দেখে কবির চেনা চেনা মনে হল কেন ?

(1) এটি তার প্রতিদিনের পরিচিত প্রতিবেশীর মধ্যে একজন।

(2) এটি তার প্রতিদিনের দেখা সাধারণ মানুষেরই একজন।

(3) এটি তার নিকট বন্ধুদের মধ্যে একজন।

(4) এটি তার নিকট আত্মীয়ের মধ্যে একজন।

**নির্দেশ ঃ** নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির (**106** থেকে **120** নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

**106.** একজন ভাষা শিক্ষক শিক্ষার্থীদেরকে তাদের পঠনশৈলী এবং প্রাথমিকতা সম্পর্কে আরো অধিক কিছু জানার জন্য তাদের ক্রমান্বয়ে কিছু প্রশ্ন দিলেন। এখানে শিক্ষকের ভূমিকা হলো —

(1) গবেষণালব্ধ তথ্য প্রদানকারীর (Provider of expert information)

(2) নির্ণায়কের (Diagnostician)

(3) ম্যানেজারের (Manager)

(4) প্ল্যানারের (Planner)

**107.** **বিবৃতি (ক) ঃ** শ্রেণীতে শিখনমূলক অভিজ্ঞতা শিশুদের জীবন এবং তাদের পারিপার্শ্বিকতার সঙ্গে গভীরভাবে সংযুক্ত।

**কারণ (খ) ঃ** শিখনমূলক অভিজ্ঞতার পরিকল্পনা শিশুদের পূর্ব-উপলব্ধিকে ভিত্তি করেই গঠন করা হয়েছে।

নীচে প্রদত্ত বিকল্পগুলি থেকে সর্বাধিক উপযুক্ত উত্তরটি নির্বাচন করুন।

(1) **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল।

(2) **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক।

(3) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)** হলো **(ক)** -এর সঠিক ব্যাখ্যা।

(4) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)**, **(ক)** -এর সঠিক ব্যাখ্যা নয়।

**108.** নীচের কোনটি একটি ভাষা শিখনের ক্ষেত্রে সত্য **নয়** ?

(1) ভাষা শিখন হলো অর্থ গঠন।

(2) ভাষা শিখনের জন্য ব্যাকরণ শিখন প্রয়োজন।

(3) সব শিক্ষার্থীরাই সহজে ভাষা শিখতে পারে যদি প্রদত্ত ভাষায় যথেষ্ট ব্যস্ততার উপকরণ রাখা যায়।

(4) ভাষা শিখনে সময় লাগে।

Prepp
Your Personal Exams Guide

**109.** **বিবৃতি (ক) ঃ** ভাষা সাংস্কৃতিক চেতনা ও প্রকাশের একটি জটিল দৃষ্টিভঙ্গী গঠন করে, যেটিকে শিশুদের বিকাশের গুরুত্বপূর্ণ দক্ষতাগুলির মধ্যে মান্য করা হয়।

**কারণ (খ) ঃ** সাংস্কৃতিক চেতনা ও প্রকাশের দক্ষতাগুলি শিশুদেরকে পরিচয়গত অনুভূতি, ব্যক্তিগত স্বত্ব, এমনকি অন্যান্য সংস্কৃতি এবং পরিচয় সংক্রান্ত প্রশংসা প্রদান করে।

নীচে প্রদত্ত বিকল্পগুলি থেকে সর্বাধিক উপযুক্ত উত্তরটি নির্বাচন করুন।

(1) **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল।

(2) **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক।

(3) **(ক)** এবং **(খ)** দুটোই সত্য, এবং **(খ)** হলো **(ক)** -এর সঠিক ব্যাখ্যা।

(4) **(ক)** এবং **(খ)** দুটোই সত্য; এবং **(খ)**, **(ক)** -এর সঠিক ব্যাখ্যা নয়।

**110.** **বিবৃতি (ক) ঃ** একটি ছাত্রের পোর্টফোলিও হল কার্যের অংশগুলির উদ্দেশ্যমূলক সংগ্রহ।

**কারণ (খ) ঃ** পোর্টফোলিও ছাত্রদেরকে তাদের নিজস্ব ক্ষমতা এবং দুর্বলতার মূল্যায়নে উৎসাহিত করে।

প্রদত্ত বিকল্পগুলি থেকে সর্বাধিক উপযুক্ত উত্তরটি নির্বাচন করুন।

(1) **(ক)** ঠিক, এবং **(খ)** ভুল।

(2) **(ক)** ভুল, এবং **(খ)** ঠিক।

(3) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)** হলো **(ক)** -এর সঠিক ব্যাখ্যা।

(4) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, কিন্তু **(খ)**, **(ক)** -এর সঠিক ব্যাখ্যা নয়।

**111.** পাঠ্যপুস্তকে লেখকের লেখা গল্প, কবিতা, নাটক এবং অন্যান্য রচনা থাকে। আমাদের এই ধরনের উপাদানগুলি নির্বাচনের প্রয়োজন কারণ এগুলি —

(1) বিখ্যাত লেখকের দ্বারা লেখা।

(2) এগুলি সহজ ভাষায় লেখা।

(3) বাস্তব এবং সহজাত ভাষায় লেখা।

(4) পাঠ্যপুস্তকে ব্যবহৃত উদ্দেশ্য নিয়ে লেখা।

**112.** নীচের কোনটি পঠনের সহ-দক্ষতা **নয়** ?

(1) বিশেষ প্রয়োজনীয় তথ্যগুলি খুঁজে নেওয়ার জন্য পুঙ্খানুপুঙ্খ পঠন।

(2) প্রতিটি শব্দের বানান অবগত করা।

(3) শব্দতালিকা শনাক্তকরণ, মূল শব্দগুলি (key words) খুঁজে নেওয়া।

(4) অপরিচিত আভিধানিক উপাদানগুলির অর্থ এবং ব্যবহার অনুমান করা।

**113.** ভাষা বিকাশের জ্ঞানাত্মক তত্ত্বটি সমর্থন করে যে ভাষা সেটি হল —

(1) সমাজের সঙ্গে পারস্পরিক ক্রিয়ার মাধ্যমে শেখা

(2) বলার আগে শিশুর ধারণা সম্পর্কিত উপলব্ধির উপর নির্ভরশীলতা

(3) একজন ব্যক্তির সহজাত দক্ষতা

(4) পুরস্কার এবং শাস্তির মাধ্যমে শেখা

**114.** চিত্রগুলি সম্পর্কে নীচের কোনটি **অসত্য** ?

বইয়ের ছবিগুলি এবং তার চিত্র দ্বারা ব্যাখ্যা (illustration)

(1) তাদের এই ধরনের চিত্র অঙ্কনের সুযোগ প্রদান করে।

(2) অপরিচিত এবং স্মরণীয় বিষয়ে ভাষার উপস্থাপনায় সাহায্য করে।

(3) বিষয়কে সমর্থন করে।

(4) শিশুদের আগ্রহ বজায় রাখে।

Prepp
Your Personal Exams Guide

**115.** অল্পবয়সী শিক্ষার্থীদের সাথে সম্পর্কিত নীচের কোন বিবৃতিটি সত্য?

(1) খুব ছোট শিক্ষার্থীরা বিমূর্ত ধারণাগুলি আংশিকভাবে উপলব্ধি করতে পারে।

(2) খুব ছোট শিক্ষার্থীরা বিমূর্ত ধারণার দ্বারা উৎসাহিত হয়।

(3) খুব ছোট শিক্ষার্থীরা বিমূর্ত ধারণাগুলি উপলব্ধি করতে পারে।

(4) খুব ছোট শিক্ষার্থীদের বিমূর্ত ধারণাগুলি উপলব্ধি করতে অসুবিধা হয়।

**116.** প্রথম শ্রেণীর একজন শিক্ষিকা তাঁর শিক্ষার্থীদের দেওয়ালে তাদের ইচ্ছেমতো হিজিবিজি কাটতে, আঁকতে এবং লিখতে বললেন। তিনি এখানে কীসে উৎসাহিত করছেন ?

(1) লিখন দক্ষতা বিকাশে

(2) বর্ণমালার অক্ষরগুলি লেখার উদ্যোগে

(3) উদ্ভূত সাক্ষরতার বিকাশে

(4) আনন্দ এবং কৌতুকে

**117.** একজন শিক্ষক ভাষা শিখনের কয়েকটি দৃষ্টিকোণ খুঁজে পেয়েছেন, উদাহরণ, বৈজ্ঞানিক ধারণাভিত্তিক পাঠের উপলব্ধিমূলক পঠন। তিনি সেই ছাত্রদের বেছে নেওয়ার সিদ্ধান্ত নিলেন যাদের এই দৃষ্টিকোণ থেকে এটি খুঁজতে অসুবিধা হয়। তিনি তাদের জন্য পৃথক অধিবেশনের আয়োজন করলেন যা এই ধরনের পাঠে ও উপলব্ধির সহায়ক হবে। এই অভ্যাসটিকে কী বলা হয় ?

(1) চিন্তন দক্ষতা

(2) প্রতিক্রিয়া শিক্ষণ

(3) সংশোধনমূলক শিক্ষণ

(4) উচ্চতর ক্রম দক্ষতা

**118.** একটি দোকানে কিছু কেনার জন্য ছাত্ররা কার্যকরী সূচক ব্যবহার করতে পারে কিনা তা মূল্যায়নের ক্ষেত্রে, ছাত্রদের জন্য যথোপযুক্ত হবে —

(1) দোকানদার এবং গ্রাহকদের মধ্যকার একটি ছোট গল্প পড়া।

(2) দোকানদার এবং গ্রাহকদের মধ্যে একটি দৃশ্য আঁকা।

(3) দোকানদার এবং গ্রাহকদের মধ্যকার ছোট ছোট সংলাপগুলি লেখা।

(4) খাদ্য সম্পর্কে তাদের পছন্দ-অপছন্দগুলি লেখা।

**119.** তোমার ক্লাশে ছাত্রদের প্রতিক্রিয়াজনিত সুবিধা প্রদান করতে একজন শিক্ষক হিসেবে তুমি কী পদক্ষেপ নিতে চাও ?

(a) অধিক প্রশ্ন জিজ্ঞাসা করায় ছাত্রদের উৎসাহিত করা।

(b) যৌথ এবং দলগত কার্যের পরিকল্পনা এবং ছাত্রদের থেকে মতামত জানতে চাওয়া।

(c) তাদের পাঠটি জোরে পড়তে বলা এবং প্রত্যেকের স্বতন্ত্র প্রতিক্রিয়া জ্ঞাপন যাতে ব্যক্তিগত পঠনের একটি ভূমিকা থাকে।

(d) প্রতিক্রিয়ার জন্য পারস্পরিক সংলাপ পঠন এবং একে অপরকে প্রশ্ন করা।

নীচের প্রদত্ত বিকল্পগুলি থেকে **সঠিক** উত্তর নির্বাচন করুন।

(1) (a), (b), (d) সঠিক।

(2) (a), (c), (d) সঠিক।

(3) (a), (b), (c) সঠিক।

(4) (b), (c), (d) সঠিক।

**120.** শিক্ষার্থীদের শব্দতালিকা বিকাশে সহায়তা করতে, একজন শিক্ষক ভাষা সম্পৃক্ত উপাদানগুলি ব্যবহার করেন যাতে তা ছাত্রদের কাছে সহজতর হয় এবং যেটি বাস্তব উপাদানভিত্তিক। এই উপাদানটি হল —

(1) দ্বিভাষিক অভিধান

(2) বাছাই করা পাঠক (Graded Readers)

(3) সংবাদপত্র

(4) রোল-কার্ডস্ (Role-Cards)

Prepp
Your Personal Exams Guide

**121.** গদ্যাংশটির তিনটি পংক্তি সমন্বিত দ্বিতীয় কবিতাটি কীসের সূচনা দেয় ?

(1) শারদ উৎসবের আগমন বার্তা
(2) শীতের আগমনকালীন উজ্জ্বলতা
(3) শীতের আগমনকালীন বিষণ্ণতা
(4) শরতের আগমনকালীন প্রসন্নতা

**122.** 'পরিত্যক্ত' শব্দটির বিশেষ্যরূপ কোনটি ?

(1) পরিত্যাজ্য
(2) পরিতুষ্ট
(3) পরিত্যক্তা
(4) পরিত্যাগ

**123.** 'অনাবশ্যক' এই সমাসবদ্ধ পদটি কোন সমাসের উদাহরণ ?

(1) নিমিত্ত তৎপুরুষ
(2) নঞ তৎপুরুষ
(3) উপপদ তৎপুরুষ
(4) কর্ম তৎপুরুষ

**124.** "এদের হৃদয় . . . . সরোবরের জলের মতো স্তব্ধ"—

প্রদত্ত বাক্যটি সম্পর্কে কোন বিবৃতিটি **সত্য** ?

(1) উপমান অবর্তমান
(2) সাধারণ ধর্ম অবর্তমান
(3) উপমা অলংকারের চারটি অঙ্গই বর্তমান
(4) উপমেয় অবর্তমান

**125.** জাপানীদের সম্পর্কে নীচের কোন বিবৃতিটি **সত্য** ?

(1) এদের কবিতাগুলি সঙ্গীত প্রধান, চিত্র প্রধান নয়।
(2) যে কোনো দুঃখজনক পরিস্থিতিতে নিজেদের শান্ত ও সংযত রাখে।
(3) এরা অনর্থক কলহে প্রাণশক্তির অপব্যয় করে।
(4) এদের কবিতাগুলি দীর্ঘ ও বিস্তৃত ব্যাখ্যামূলক।

**126.** প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি জাপানী কবিতা সম্পর্কে সত্য **নয়** ?

(1) জাপানী কবিতা সঙ্গীত প্রধান।
(2) জাপানী কবিতা-পাঠকদের কল্পনাশক্তি প্রবল।
(3) জাপানী কবিরা ইশারামূলক সংক্ষিপ্ত কবিতা লেখেন।
(4) জাপানী কবিতা চিত্রপ্রধান।

**127.** প্রদত্ত গদ্যাংশটির মূল বৈশিষ্ট্য কী ?

(1) জাপানী কবিতার পাঠকদের বৈশিষ্ট্য বর্ণনা
(2) জাপানের যানবাহনের নিয়মকানুনের বর্ণনা
(3) জাপানী কবিতার বৈশিষ্ট্য বর্ণনা
(4) জাপানীদের মানসিকতার বিশ্লেষণমূলক বর্ণনা



Prepp Your Personal Exam Guide

Prepp
Your Personal Exams Guide

**128.** জাপানীদের শক্তির মূল কারণ কী ?

(1) প্রাণশক্তির অনর্থক ব্যয় করা

(2) প্রাণশক্তির অনর্থক প্রয়োগ করা

(3) প্রাণশক্তির অনর্থক অপচয় না করা

(4) প্রাণশক্তির অনর্থক সঞ্চয় না করা

**নির্দেশ ঃ** নিম্নে প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**129-135** নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

দুঃখকে গ্রহণ করতে হবে তপস্যা বলে। দুঃখ, কষ্ট, অত্যাচার সহ্য করা খুবই দুরূহ তপস্যা। তবে সহনশক্তি বাড়াতে বাড়াতে এমন একটি অবস্থা আসে যখন কষ্টসহিষ্ণুতা অতি সহজ স্বাভাবিক হয়ে যায়। — তপস্যার প্রথম কথাই ইন্দ্রিয়সংযম। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয় ও মন প্রভৃতি একাদশ ইন্দ্রিয়কে সম্পূর্ণ রূপে বশে আনার প্রচেষ্টা অশেষ সহ্যশক্তি ভিন্ন সফল হয় না। ইন্দ্রিয়গুলি একপ্রকার বস্তুর আস্বাদনে তৃপ্তি বোধ করতে চায়, কিন্তু সে আস্বাদ উপভোগে লিপ্ত থাকলে ঈশ্বরাস্বাদন হয় না। কাজেই সংযমের পথে পা বাড়াতে হবে সাধককে। তখন সাধারণ সহ্যশক্তিতে কাজ হয় না, অসাধারণ সহিষ্ণুতা প্রয়োজন হয়। বৈষ্ণব শাস্ত্রে বলেছেন— "তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা"। তৃণের চেয়ে দীন এবং বৃক্ষের ন্যায় সহিষ্ণু হতে হবে। গীতায় শ্রীভগবান বললেন— "আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ" ... যেমন পরিপূরিত প্রশান্ত সমুদ্রে অপর জলরাশি এসে বিলীন হয়ে যায়, তেমনি যাঁর মধ্যে বিষয় সকল প্রবেশ করেও কোনও চিত্ত বিক্ষেপ সৃষ্টি করে না তিনিই শান্তি লাভ করেন। যিনি সকল বিষয়েই মমত্বশূন্য, শুভ বিষয়ের প্রাপ্তিতে সন্তোষ আর অশুভ প্রাপ্তিতে অসন্তোষ ব্যক্ত করেন না, তিনিই স্থিতপ্রজ্ঞ।

এই স্থিতপ্রজ্ঞ অবস্থা লাভ করতে প্রয়োজন সীমাহীন সহিষ্ণুতা। নিজেকে সর্বভাবে গুটিয়ে নিতে হবে নিজের মধ্যে, যেখানে বাইরের ঘাত অভিঘাত কোনও দাগ কাটতে পারবে না। "যথা সংহরতে চায়ং কুর্ম্মোহঙ্গানীব সর্বশঃ"— কচ্ছপ যেমন তার অঙ্গ সকল সংহরণ করে তেমনি ইন্দ্রিয়ের বিষয় থেকে ইন্দ্রিয়গুলিকে সংহরণ করতে হবে। যিনি পারেন তিনি স্থিতপ্রজ্ঞ। প্রত্যেক মানুষের স্বতন্ত্রভাবে সুখ ও দুঃখের অনুভূতির একটা ব্যাপকতা আছে। সুখের শুরু একটা বিশেষ ভিত্তিভূমি থেকে এবং সুখ আর সুখ থাকে না একটা সীমার পরে। যে কোন ভোগোপকরণের ক্ষেত্রেই এটি দেখা যায়। আবার দুঃখের দিক থেকেও তেমনি সহ্যশক্তির পৃথক ভিত্তি ভূমি থাকে। এই সুখ দুঃখের ব্যবধান কমিয়ে আনা যায় সহ্যশক্তিকে বাড়িয়ে। আমাদের ঠাকুর বলেছেন— "সুখের সবচেয়ে উর্দ্ধ রেখাকে নামিয়ে আনতে হবে সর্বনিম্নে এবং দুঃখের সর্বনিম্ন রেখাকে নিয়ে যেতে হবে সর্ব উচ্চে। এইভাবে সুখের এবং দুঃখের ব্যবধানকে সমীকরণ করতে হবে। তখন একটি মাত্র অনুভূতি থাকবে অনুভূতি ব্রহ্ম।" সহ্যশক্তি বাড়িয়ে যাওয়ার এই প্রণালী অথবা সাধন পদ্ধতি ব্যক্তি বিশেষের আধার ও সংস্কার অনুসারে নির্ধারণ করে নিতে হবে। সহ্যশক্তির তারতম্যেই স্পষ্ট হয়ে ওঠে সাধারণ ব্যক্তি এবং মহৎ ব্যক্তির প্রভেদ। জগতে যে মহান্ হয়েছে দেখা যায় তার সহন শক্তি সাগর-গভীর, বুকের প্রসারতা আকাশতুল্য। স্থিতপ্রজ্ঞের একটি বিশেষ গুণ এই উদারতা।

**129.** 'ভোগোপকরণ' এটি কোন সন্ধির উদাহরণ ?

(1) বিসর্গ সন্ধি (2) খাঁটি বাংলা সন্ধি

(3) স্বরসন্ধি (4) ব্যঞ্জনসন্ধি

Prepp
Your Personal Exams Guide

**130.** "সুখের সবচেয়ে ঊর্ধ্বরেখাকে নামিয়ে আনতে হবে সর্বনিম্নে"—

'সর্বনিম্নে' পদটি কোন কারক ?

(1) অধিকরণ (2) করণ (3) কর্ম (4) অপাদান

**131.** প্রদত্ত গদ্যাংশটিতে মূল বাণী হল —

ঈশ্বরাপ্রাপ্তির একমাত্র পথ —

(1) ঈশ্বরাস্বাদন (2) চিত্ত বিক্ষেপ (3) কষ্টসহিষ্ণুতা (4) ইন্দ্রিয় সংযম

**132.** "যেমন পরিপূরিত প্রশান্ত সমুদ্রে অপর জলরাশি এসে বিলীন হয়ে যায়, তেমনি যাঁর মধ্যে বিষয়সকল প্রবেশ করেও কোনও চিত্ত বিক্ষেপ সৃষ্টি করে না তিনিই শান্তি লাভ করেন।"

কোন শ্রেণীর বাক্য ?

(1) যৌগিক (2) মিশ্র (3) সরল (4) জটিল

**133.** স্থিতপ্রজ্ঞ কাকে বলা যায় ?

(1) যার পাঁচটি জ্ঞানেন্দ্রিয় সম্পূর্ণ রূপে বশে থাকে না, তিনিই স্থিতপ্রজ্ঞ।

(2) যিনি শুভ বিষয়ের প্রাপ্তিতে সন্তুষ্টি এবং অশুভ বিষয়ের অপ্রাপ্তিতে অসন্তুষ্টি ব্যক্ত করেন তিনিই স্থিতপ্রজ্ঞ।

(3) যিনি পঞ্চ কর্মেন্দ্রিয় উপভোগ ও আস্বাদে লিপ্ত থাকেন তিনিই স্থিতপ্রজ্ঞ।

(4) যিনি প্রাপ্তি-অপ্রাপ্তির ঊর্ধ্বে মমত্বশূণ্য হৃদয়ের অধিকারী তিনিই স্থিতপ্রজ্ঞ।

**134.** নিম্নে প্রদত্ত কোন বিবৃতিটি **সত্য** ?

(1) আস্বাদ উপভোগ ঈশ্বর প্রাপ্তির চরম পন্থা।

(2) অপ্রাপ্তিতে যিনি অসন্তোষ ব্যক্ত করেন তিনিই স্থিতপ্রজ্ঞ।

(3) তপস্যার মাধ্যমে কঠোর সহনশক্তি সহজ স্বাভাবিক হয়ে যায়।

(4) তপস্যার মাধ্যমে স্বাভাবিক সহনশক্তি কঠিন হয়ে যায়।

**135.** গদ্যাংশ অনুযায়ী সাধারণ ব্যক্তি ও স্থিতপ্রজ্ঞ ব্যক্তির তারতম্যের মাপকাঠি কী ?

(1) সাধারণ সহিষ্ণুতা (2) চূড়ান্ত সহিষ্ণুতা (3) পঞ্চ জ্ঞানেন্দ্রিয় (4) পঞ্চ কর্মেন্দ্রিয়

**নির্দেশ** ঃ নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির (**136** থেকে **150** নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

**136.** শিশুদের গল্প বলার ক্ষেত্রে নীচের কোনটি সত্য **নয়** ?

গল্প শোনা শিশুদের সহায়তা করে —

(1) সমস্যা-সমাধান সংক্রান্ত দক্ষতার বিকাশে।

(2) জীবনে অনুসরণযোগ্য নতুন নৈতিক মূল্যবোধ শিখতে।

(3) নূতন শব্দ শিখতে এবং তাদের শব্দ ভাণ্ডারের বিস্তারে।

(4) বাক্য গঠন শিখতে।

**137.** একজন শিক্ষক অধ্যায়ের বিষয়ের উপযুক্ত একটি ভিডিও দেখলেন এবং ভিডিও কেন্দ্রিক একটি যুগ্মকার্য প্রক্রিয়ার পরিকল্পনা করলেন। এই যুগ্মকার্য প্রক্রিয়ার উদ্দেশ্য হল ছাত্রদের উৎসাহিত করা—

(1) শিক্ষকের স্বতন্ত্রভাবে কাজ করতে

(2) ভাষা সচেতনতার বিকাশে

(3) নিজের কার্যের মূল্যায়নে

(4) দ্রুত তালমিলিয়ে একত্রে কাজ করতে

**138.** একগুচ্ছ ছোট গল্প এবং অন্যান্য বর্ণনামূলক রচনা ভাষা শিখনে সহায়ক পাঠ হিসেবে নির্ধারিত করা হয়। সহায়ক পাঠের মুখ্য উদ্দেশ্য কী ?

(1) নৈতিক শিখনের প্রসার (2) বিস্তৃত পাঠের প্রসার

(3) বহুভাষিকতার প্রসার (4) একান্ত পঠনের প্রসার

**139.** পঞ্চম শ্রেণির একজন শিক্ষক ছাত্রদেরকে গল্প লেখার একটি কার্য প্রদান করলেন। যখন ছাত্ররা গল্পটি লেখে, তখন শিক্ষক ক্লাশে পায়চারি করে কে ভুল করছে অথবা নূতন শব্দ জিজ্ঞাসা করছে, সে ব্যাপারে সাহায্য করছেন। এখানে শিক্ষকের ভূমিকা কী ?

(1) সহায়ককারীর (Facilitator) (2) নির্ণায়কের (Diagnostician)

(3) ম্যানেজারের (Manager) (4) পরিকল্পনাকারীর (Planner)

**140.** নীচের কোনটি ভাষা শিক্ষকের প্রাথমিক দায়িত্ব ?

(1) বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থীদের দল গঠন করা।

(2) শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা।

(3) শিক্ষার্থীর সংযোগকারী প্রয়োজনগুলির শনাক্তকরণ করা।

(4) শিক্ষণের জন্য বিষয় নির্বাচন করা।

Prepp
Your Personal Exams Guide

**141.** **বিবৃতি (ক) ঃ** কেবল একটি শব্দের সঠিক উচ্চারণের চাইতে পঠন অধিক।

**কারণ (খ) ঃ** পঠন হলো অর্থোদ্ধার।

প্রদত্ত বিকল্পগুলি থেকে সর্বাধিক উপযুক্ত উত্তরটি নির্বাচন করুন।

(1) **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল।

(2) **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক।

(3) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)** হলো **(ক)** -এর সঠিক ব্যাখ্যা।

(4) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)**, **(ক)** -এর সঠিক ব্যাখ্যা নয়।

**142.** ভাষা শিক্ষণে নীচের কোনটি একটি ভ্রান্ত ধারণা ?

(1) ভাষা শিক্ষণে সংযোগকারী প্রক্রিয়ায় গুরুত্ব দেওয়া উচিত।

(2) ভাষা শিক্ষণে বাচনের চাইতে লিখনে গুরুত্ব দেওয়া উচিত।

(3) শিক্ষার্থীরা বাস্তব পরিস্থিতিতে ব্যবহারের প্রচেষ্টার মাধ্যমে ভাষা অর্জন করে।

(4) শিক্ষার্থীর প্রথম ভাষা শিখনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**143.** নীচের কোনটি ভাষা অর্জনের আচরণবাদ তত্ত্বের সাথে সম্পর্কিত নয় ?

(1) প্রচেষ্টা এবং ভ্রান্তি (Trial and Error)

(2) সামাজিক সংযোগ সাধন (Social Interaction)

(3) সক্রিয় অনুবর্তন (Operant Conditioning)

(4) শূন্য আধার (Empty Vessel)

**144.** শিশুদের উন্মোচিত হওয়া এবং মনোযোগী হওয়া উচিত —

(1) প্রথম বয়স থেকে বিবিধ মৌখিক ভাষায়।

(2) প্রথম বয়স থেকে বিবিধ লিখিত ভাষায়।

(3) প্রথম বয়স থেকেই দুটি মৌখিক ভাষায়।

(4) প্রথম বয়স থেকে দুটি লিখিত ভাষায়।

**145.** **বিবৃতি (ক) ঃ** প্রাথমিক সাক্ষরতায় লিখনের শুরুতে চিত্রাঙ্কনকে মান্যতা দেওয়া হয়।

**কারণ (খ) ঃ** চিত্রগুলি হলো সংকেত এবং অর্থ বহন করে।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সর্বাপেক্ষা সঠিক উত্তর নির্বাচন করুন।

(1) **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল।

(2) **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক।

(3) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)** হলো **(ক)** -এর সঠিক ব্যাখ্যা।

(4) **(ক)** এবং **(খ)** দুটোই ঠিক, এবং **(খ)**, **(ক)** -এর সঠিক ব্যাখ্যা নয়।

